

## NOMINAL SUFFIXES {MATVARTHIYA}

প্রশ্ন- মত্বর্থাীয় প্রত্যয় কাকে বলে? উদাহরণ দাও।

উত্তর- মত্বর্থাীয় প্রত্যয় সম্পর্কে একটি কারিকায় বলা হয়েছে -

“ ভূমিন্দাপ্রশংসাসু নিত্যযোগেহতিশায়নে।

সংসর্গেহস্তিবিক্কায়াং ভবন্তি মত্বাদয়ঃ ॥ ”

অর্থাৎ ১। ভূমা বা প্রাচুর্য ২। নিন্দা ৩। প্রশংসা ৪। নিত্যযোগ (বা নিত্য সম্পর্ক) ৫। আতিশয্য ৬। সংসর্গ বা সম্বন্ধ ৭। অস্তি  
প্রভৃতি বোঝাতে চাইলে শব্দের পরে মতুপ্, ইনি, বিনি, ল,ব,র,অণ্ প্রভৃতি যে সমস্ত তদ্ধিত প্রত্যয় যুক্ত হয় সে সমস্ত তদ্ধিত  
প্রত্যয় কে মত্বর্থাীয় প্রত্যয় বলে।

উদাহরণ যথা -

ভূমা বা প্রাচুর্য অর্থে - যবমান্, গোমান্, ধনবান্ ইত্যাদি।

নিন্দা অর্থে - হনুমান্

প্রশংসা অর্থে- রূপবান্

নিত্যযোগে -ক্ষীরিণো বৃক্ষাঃ।

অতিশায়নে বা আতিশয্যে - উদরিণী কন্যা।

সংসর্গে বা বৃত্তিনিয়ামক সম্বন্ধবিশেষে - দণ্ডী পুরুষঃ।

অস্তি অর্থে - চূড়ালঃ

পদসাধন -

গো+মতুপ্ = গোমান্, বুদ্ধি+মতুপ্ = বুদ্ধিমান্, শ্রী+ মতুপ্ = শ্রীমান্, আয়ু+ মতুপ্ = আয়ুস্থান্

ধন+মতুপ্ = ধনবান্, জ্ঞান+ মতুপ্ = জ্ঞানবান্, বিদ্যা+ মতুপ্ = বিদ্যাবান্, যশ+মতুপ্ = যবমান্

চূড়া+ লচ্ = চূড়ালঃ, বাত +লচ্ = বাতুলঃ, বৎস+ লচ্ = বাতুলঃ, অংশ+ লচ্ = অংশলঃ

ফেন+ ইলচ্ = ফেনিলঃ, পিচ্ছ+ ইলচ্ = পিচ্ছিলঃ

তপঃ+বিনি = তপস্বী, পয়ঃ+ বিনি = পয়স্বী

উষ+র = উষরঃ, মধু+র = মধুরঃ, মুখ+র = মুখরঃ, তমঃ +র = তমিশ্রা

কেশ+ব = কেশবঃ, অর্গস্+ ব = অর্গবঃ, গাণ্ডি+ ব = গাণ্ডীব, অজগ+ব = অজগবঃ

কৃষি+ বলচ্ = কৃষিবলঃ, দন্ত+ বলচ্ = দন্তাবলঃ

ফল+ইনচ্ = ফলিনঃ, শৃঙ্গ+ ইনচ্ = শৃঙ্গিনঃ, মল+ ইনচ্ = মলিনঃ,

দণ্ড+ইনি = দণ্ডী, মায়া+ইনি = মায়ী, শিখা+ ইনি = শিখী, মালা+ ইনি = মালী